৫২

দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JUN 1995
পৃষ্ঠা ১ কলাম ৪

## বাক-বিতণ্ডার পর ঢাকা ভার্সিটির

# সিনেট অধিবেশন মুলতবী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।। সন্ত্রাস নির্মূল প্রশ্নে সন্ত্রাস বিরোধী একটি কমিটি গঠনের লক্ষ্যে সিদ্ধান্ত গ্রহণের সময় শিক্ষকদের রাজনীতি নিয়া বাক-বিতণ্ডা শুরু হওয়ার পর গতকাল বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেট অধিবেশন মুলতবী ঘোষণা করা হয়।

সিনেটে ডাকসু ভিপি আমান উল্লাহ আমান শিক্ষক সমিতিকে রাজনৈতিক লেজুড়বৃত্তি পরিহার করার আহ্বান জানাইলে শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক তৎক্ষণাৎ ইহার প্রতিবাদ করেন। ইহার পর বিষয়টি নিয়া দুইপক্ষের মধ্যে কথা (১১শ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

## বাকবিতণ্ডার পর

( ১ম পৃঃ পর )

কাটাকাটি শুরু হয়। উদ্ভূত পরিস্থিতিতে সিনেট চেয়ারম্যান ভিসি প্রফেসর এমাজউদ্দিন আহমদ নির্ধারিত সময়ের প্রায় সোয়া এক ঘন্টা পূর্বে রাত পৌনে ৮টায় আজ (বৃহস্পতিবার) বিকাল ৪টা পর্যন্ত অধিবেশন মুলতবী ঘোষণা করেন।

গতকাল বিকাল ৪টায় অধিবেশন শুরুর পর ঐতিহ্য অনুযায়ী ভিসি তাহার বার্ষিক লিখিত বক্তব্য উপস্থাপন করেন।

প্রফেসর এমাজউদ্দিন আহমদ বলেন, সার্বিকভাবে সন্ত্রাসের সমস্যা নিরসন করা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে নাই। দেশের আর্থ-সামাজিক অবস্থায় ব্যাপক পরিবর্তন সাধিত না হইলে এবং রাজনৈতিক মহলে সদিচ্ছা জাগ্রত না হইলে এই অভিশাপ হইতে মুক্তি মিলিবে না। অধিবেশনে বক্তৃতা করেন প্রফেসর আবদুল মমিন চৌধুরী, প্রফেসর শাহাদত আলী, প্রফেসর আবদুল মান্নান চৌধুরী, প্রফেসর মোস্তফা চৌধুরী, প্রফেসর হারুন-অর-রশীদ, প্রফেসর এম, আক্তারুজ্জামান, প্রফেসর এ, কে, এম, সাদউদ্দিন প্রফেসর মোহাব্বত খান, ডঃ মোদাচ্ছের আলী, ডাকসুর ভিপি আমানউল্লাহ আমান এমপি, মনোয়ার হোসেন রানা প্রমুখ।

ভিসি বলেন, গত দুই বছরও সন্ত্রাসের কালো ছায়ায় মলিন হইয়াছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জীবন। অনির্ধারিতভাবে বিশ্ববিদ্যালয় বন্ধ ছিল ৩১ দিন। তবুও শিক্ষক এবং ছাত্রদের সহযোগিতায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা কার্যক্রম সময়মত সমাপ্ত করা সম্ভব হইয়াছে।

ভিসি বলেন, আমরা প্রতিনিয়ত হাজারো সমস্যার সম্মুখীন হইতেছি। বলা হইতেছে, আমাদের শিক্ষার মানের অবনতি ঘটিয়াছে। আন্তর্জাতিক ক্ষেত্রে আমাদের বিশ্ববিদ্যালয় প্রদত্ত ডিগ্রী স্বীকৃতি লাভ করিতেছে না। আমাদের শিক্ষা জাতীয় জীবনের প্রয়োজন মিটাতেও অপ্রতুল। এইসব অভিযোগের উত্তর খুঁজিতে হইবে। প্রয়োজনবোধে ৩ বছরের সম্মান কোর্সকে ৪ বছর ব্যাপী কোর্সে অথবা মাষ্টার্স পর্যায়ে এক বছরের পরিবর্তে ২ বছরব্যাপী শিক্ষা কর্মসূচী প্রণয়নের উদ্যোগ নেওয়া হইয়াছে।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার উন্নয়নের জন্য গ্রন্থাগারে কম্পিউটার ব্যবস্থা প্রবর্তন এবং শীতাতপ নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা হইয়াছে। শিক্ষা কার্যক্রমকে নিয়মিত করার লক্ষ্যে একাডেমিক ক্যালেণ্ডার প্রবর্তন, পরীক্ষাসমূহ নিয়মিত অনুষ্ঠান, সময়মত পরীক্ষার ফল প্রকাশ করার ক্ষেত্রে যে উদ্যোগ গ্রহণ করা হইয়াছে প্রতিকূল পরিস্থিতিতেও তাহার সাফল্য অর্জিত হইয়াছে। গত দুই বছরে বিদেশের যে সকল বিশ্ববিদ্যালয় ও গবেষণা সংস্থার সহিত যৌথ কর্মসূচী গ্রহণ করা হইয়াছে তাহা সফলভাবে অগ্রসর হইতেছে।

গত বছর নবাব ফয়জুন্নেসা চৌধুরাণী ছাত্রী হল, কেন্দ্রীয় গ্রন্থাগারের সম্প্রসারিত ভবন, খন্দকার মোকাররম হোসেন বিজ্ঞান ভবনের তৃতীয় তলা, বিজ্ঞান ও জীববিজ্ঞান অনুষদের ডীনের কার্যালয়ের নির্মাণ কাজ সম্পন্ন হইয়াছে। তৃতীয় শ্রেণীর কর্মচারীদের ২০টি এবং ৪র্থ শ্রেণীর কর্মচারীদের জন্য ২০টি ফ্লাটের নির্মাণ কাজ সমাপ্তির পথে।

প্রফেসর আক্তারুজ্জামান বলেন, সরকারে যাহারা অবস্থান করেন তাহাদের কারণে বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসের প্রসার ঘটে। সম্প্রতিকালে বিশ্ববিদ্যালয় স্বায়ত্তশাসনের উপর সবচাইতে বেশী আক্রমণ হইয়াছে। একটি মন্ত্রণালয়ের একজন কর্মকর্তার নির্দেশে ২০ জন ছাত্রকে ভিসি ভর্তির নির্দেশ দিয়াছেন। প্রফেসর মোহাব্বত খান বলেন, ইতিপূর্বে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক হইতে যোগ্যতা ও অভিজ্ঞতার প্রয়োজন হইত। এখন যোগ্য না হইয়াও অনেকে শিক্ষক হইতেছেন এবং পদোন্নতিও পাইতেছেন। এই কারণে শিক্ষার মান কমিয়া যাইতেছে।

প্রফেসর হারুন অর রশীদ ভর্তি পরীক্ষা ছাড়াই ২০ জন ছাত্র-ছাত্রীর ভর্তির নির্দেশের নিন্দা জানাইয়া বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৭৪ বছরের ইতিহাসে এই জাতীয় ঘটনা ঘটে নাই।

ব্যবস্থাপনা বিভাগের চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নান চৌধুরী তাহার বক্তৃতায় সন্ত্রাস নির্মূলের জন্য একটি কমিটি গঠনের আহ্বান জানান। ইহার প্রেক্ষিতে ভিসি প্রফেসর আবদুল মান্নান চৌধুরীকে আহ্বায়ক করিয়া ৬ সদস্যের একটি সন্ত্রাস নির্মূল কমিটি গঠনের প্রস্তাব করেন।

মাগরিব নামাজের বিরতির পর আমান উল্লাহ আমান বক্তৃতার এক পর্যায়ে প্রফেসর আবদুল মান্নান চৌধুরীকে কমিটির আহ্বায়ক করার ব্যাপারে আপত্তি তুলিয়া বলেন, তাহার রাজনৈতিক নিরপেক্ষতা নাই। আমান উল্লাহ আমান বলেন, শিক্ষক সমিতি রাজনৈতিক লেজুড়বৃত্তি করিতেছে। শিক্ষক সমিতি একটি বিশেষ সংগঠন সন্ত্রাস করিলে তাহার নিন্দা জানায় না। ইহার তীব্র প্রতিবাদ করিয়া শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক বলেন, শিক্ষক সমিতি কোন রাজনৈতিক সংগঠনের লেজুড়বৃত্তি করে না।

ডাকসু মনোনীত সদস্য কায়সার কামাল বলেন, শিক্ষকরা দিনের বেলা রাজনৈতিক লেজুড়বৃত্তি করেন না বলিলেও রাতের আঁধারে রাজনৈতিক নেতা-নেত্রীদের বাসায় নিয়মিত ধরণা দেন। এই বক্তব্যের প্রতিবাদ জানাইয়া কয়েকজন সদস্য টেবিল চাপড়াইয়া চিৎকার করিতে থাকেন। এ সময় ভিসি অধিবেশন মুলতবীর কথা ঘোষণা করিতে চাহিলে কয়েকজন সিনেট সদস্য ভিসির সহিত বিতর্কে অবতীর্ণ হন। উদ্ভূত পরিস্থিতিতে ভিসি অধিবেশন মুলতবী ঘোষণা করিলে তাহারা চিৎকার করিয়া উঠেন এবং অন্যরা ভিসিকে সমর্থন করিয়া টেবিল চাপড়াইতে থাকেন।

### সাংবাদিক সম্মেলন

সিনেট অধিবেশন নির্ধারিত সময়ের পূর্বেই মুলতবী করার প্রতিবাদ জানাইয়া কয়েকজন সিনেট সদস্য এক সাংবাদিক সম্মেলনে এই ঘটনার নিন্দা করেন। সাংবাদিক সম্মেলনে বলা হয়, সিনেটের চেয়ারম্যান নিরপেক্ষতা বজায় রাখিতে ব্যর্থতার পরিচয় দিয়াছেন সন্ত্রাস নির্মূলে সিনেট চেয়ারম্যান কর্তৃক গঠিত কমিটির প্রতি তাহারা অপমানজনক আচরণ এবং শিক্ষক সমিতির প্রতি অশালীন ও কটূক্তি করিয়াছেন। শিক্ষক সমিতি রাজনীতিমুক্ত। পরিকল্পিতভাবে সিনেট মুলতবী ঘোষণা করা হইয়াছে। নেতৃবৃন্দ আজ (বৃহস্পতিবার) সিনেট অধিবেশন নিরপেক্ষভাবে পরিচালনা করার জন্য ভিসির প্রতি আহ্বান জানান। সাংবাদিক সম্মেলনে উপস্থিত ছিলেন শিক্ষক সমিতির সভাপতি প্রফেসর জহুরুল হক, সাধারণ সম্পাদক প্রফেসর ইনামুল হক, প্রফেসর মশিহুজ্জামান, প্রফেসর সৈয়দ আহমেদ, প্রফেসর হারুন অর রশীদ, হাবিবুর রহমান খান, অহিদুজ্জান চাঁন প্রমুখ।